বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮-০২-৯১২৪৮৪৬
ফ্যাক্স : ৮৮-০২-৮১৮১০১৫
ই-মেইল : info@baera.gov.bd
ওয়েবসাইট : www.baera.gov.bd

# প্রশিক্ষণ ও নিবন্ধীকরণ বিভাগ

## এক্স-রে বিকিরণ স্থাপনার বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের (RCOs) জন্য প্রশিক্ষণ কোর্স সংক্রান্ত তথ্যাবলী:

- যোগ্যতাঃ কমপক্ষে এস.এস.সি পাশ অথবা এক্স-রে বিকিরণ স্থাপনায় সংশ্লিষ্ট কাজে কমপক্ষে তিন বছরের অভিজ্ঞতা। উভয় ক্ষেত্রেই সনদ পত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

- প্রশিক্ষণ ফি ও ছবি-সহ প্রশিক্ষণ সংক্রান্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করে জমাদান সাপেক্ষে প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

- বর্তমানে প্রশিক্ষণ ফিঃ জনপ্রতি ৮৪,০০০/-টাকা মাত্র।

- **বাপশনিক প্রশিক্ষণ ফি অথবা BAPASHANIK PRASHIKHAN FEE** বরাবরে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে প্রশিক্ষণ ফি পরিশোধ করা যাবে ।

- ঢাকা সিটি কর্পোরেশনের মধ্যে হলে পে-অর্ডার এবং বাহিরে হলে ডি.ডি করতে হবে।

- প্রশিক্ষণ শেষে পরবর্তীতে RCO পরীক্ষায় অংশ গ্রহণের জন্য পাসপোর্ট সাইজের অতিরিক্ত ২ (দুই) কপি কালার ছবি সঙ্গে আনতে হবে।

- **RCO সনদ নবায়নের জন্য প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণ করলে মূল RCO সনদের ফটোকপি ও পাসপোর্ট সাইজের অতিরিক্ত ২ (দুই) কপি কালার ছবি সঙ্গে আনতে হবে। মুল RCO সনদ হাতে হাতে অথবা ডাকযোগে নেওয়া যাবে। ডাকযোগে নিতে চাইলে, কোন কারনে হস্তগত না হলে কর্তৃপক্ষ দায়ী থাকবেনা। ডুপ্লিকেট Certificate নিতে হলে প্রতিষ্ঠানের প্যাডে মালিক কর্তৃক Forwarded একটি আবেদন পত্র ও ৫০০/- টাকা প্রদান করতে হবে। সনদ হারিয়ে গেলে থানায় জিডি করতে হবে। এবং জিডি এর কপিও জমা দিতে হবে।**

- প্রশিক্ষণ এর প্রথম দিন সকাল ০৯:০০ ঘটিকায় রেজিষ্ট্রেশনের জন্য ঢাকাস্থ বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ই-১২/এ, আগারগাঁও, ঢাকায় উপস্থিত থাকতে হবে।

- রেজিষ্ট্রেশনের সময় প্রশিক্ষণ কোর্সের কর্মসূচীর কপিসহ কোর্স সংক্রান্ত দলিলাদি সরবরাহ করা হবে।

- প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য কোন প্রকার যাতায়াত এবং দৈনিক ভাতা দেয়া হবে না।

- থাকার ব্যবস্থা প্রশিক্ষণার্থীদের নিজ উদ্যোগে করতে হবে।

- **আগে আসলে আগে পাবেন ভিত্তিতে সর্বমোট ৩৫(পঁয়ত্রিশ)টি নির্দিষ্ট সীটের বিপরীতে আবেদন পত্র গ্রহণ করা হবে বিধায় যথাশীঘ্র প্রশিক্ষণ ফি-সহ আবেদনপত্র জমা দিতে হবে।**